**AKASHVANI (Kolkata)**
**Regional News Unit**

**Date : 03.03.2025** **Desk in Charge : SDG**
**Time : 7.35 AM** **Compiling & NR: S.Basu**
**DEO : KB**

Opening Announcement :- আকাশবাণী, খবর পড়ছিঃ-

<u>বিশেষ বিশেষ খবরঃ-</u>

১/ এ বছরের উচ্চমাধ্যমিক পরীক্ষা শুরু হচ্ছে- আজ।

# সুষ্ঠুভাবে পরীক্ষা গ্রহণ করতে ব্যাপক বন্দোবস্ত উচ্চমাধ্যমিক শিক্ষা সংসদের।

২/ যাদবপুর বিশ্ববিদ্যালয়ে অশান্তির ঘটনায় বিশ্ববিদ্যালয় স্তরের ধর্মঘটের প্রেক্ষিতে পরীক্ষার্থীদের অসুবিধে হবে না বলে বাম ছাত্র ও যুব সংগঠনগুলি জানিয়েছে।

৩/ একই নম্বরের EPIC থাকলেই সেটিকে নকল বা ভুয়ো হিসেবে চিহ্নিত করা যায় না বলে স্পষ্ট জানিয়েছে নির্বাচন কমিশন ।

৪/ বিশ্ববঙ্গ বাণিজ্য সম্মেলনে আসা বিনিয়োগ প্রস্তাব বাস্তবায়নের লক্ষ্যে রাজ্য সরকার আজ আরেক দফা বৈঠকে বসছে।

৫/ ISL ফুটবলে যুবভারতী ক্রীড়াঙ্গণে ইস্টবেঙ্গল এবং বেঙ্গালুরু FC-র মধ্যে খেলাটি এক-এক গোলে শেষ হয়েছে।

*****************************************************************

এবছরের উচ্চমাধ্যমিক পরীক্ষা শুরু হচ্ছে আজ।

মোট পাঁচ লক্ষ ৯ হাজার পড়ুয়া এবছর পরীক্ষায় বসছেন। ছাত্রদের তুলনায় ছাত্রীর সংখ্যা ৪৭ হাজার ৬৭১ জন বেশি। পরীক্ষা শুরু হবে সকাল ১০'টায়। ২৩'টি জেলার মোট দু'হাজার ৮৯টি পরীক্ষা কেন্দ্রে পরীক্ষা নেওয়া হবে। ৫২৮ জন বিশেষভাবে সক্ষম পরীক্ষার্থী রাইটার এবং অতিরিক্ত সময় নিয়ে পরীক্ষা দেবেন। এর জন্য পর্ষদের তরফে একটি হেল্পলাইন নম্বর চালু করা হয়েছে। যার নম্বর ০৩৩-২৩৩৭০৭৯২ ।

একটি প্রতিবিদেন - (ভয়েসকাস্ট – অভিরূপ on HS )

এদিকে, রাজ্য পরিবহন দপ্তর তাদের সংশ্লিষ্ট রুটগুলিতে পরীক্ষার দিনে বিশেষ বাস পরিষেবা দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে। WBTC-র পক্ষে ওই দিনগুলিতে দুটো শিফট- সকাল সাড়ে ৫'টা থেকে ১০'টা এবং দুপুর দেড়টা থেকে বিকেল ৫'টা পর্যন্ত বেশি সংখ্যক বাস পরিষেবা দেওয়া হবে। বাসের সামনে " EXAMINATION SPECIAL" লেখা বোর্ড লাগানো থাকবে। নেওয়া হবে স্বাভাবিক ভাড়াই। SBSTC এবং NBSTC'ও অতিরিক্ত বাস চালাবে।

বাস মালিকদের সংগঠন- 'জয়েন্ট বাস সিন্ডিকেট', উচ্চমাধ্যমিক পড়ুয়াদের যাতায়েতের সুবিধার জন্য উপযুক্ত বন্দোবস্ত করতে কলকাতা সহ জেলাগুলির বাস মালিকদের কাছে আবেদন জানিয়েছে।

****************

রাজ্য জুড়ে বিশ্ববিদ্যালয়ে ছাত্র ধর্মঘটের যে ডাক দেওয়া হয়েছে তার কোনো প্রভাব উচ্চমাধ্যমিক পরীক্ষার্থীদের ওপর পড়বে না বলে বাম ছাত্র সংগঠন- SFI জানিয়েছে। সবরকম সহায়তার জন্য SFI হেল্প ডেস্ক চালু করেছে।

হেল্পলাইন নম্বর হলো- ৯৮৭৫-৬২২১-৪৭।

এদিকে, যাদবপুর বিশ্ববিদ্যালয়ের ঘটনার প্রেক্ষিতে বাম সংগঠন SFI, অবিলম্বে রাজ্যের শিক্ষামন্ত্রী ব্রাত্য বসুকে গ্রেপ্তারের দাবি জানিয়েছে। SFI-এর রাজ্য সম্পাদক দেবাঞ্জন দে গতকাল এক সাংবাদিক বৈঠকে যাদবপুরের ঘটনাকে পূর্ব পরিকল্পিত বলে উল্লেখ করে জানান, শিক্ষামন্ত্রী ব্রাত্য বসু অশান্তি বাঁধানোর জন্যই বিশ্ববিদ্যালয়ে গিয়েছিলেন।

বাম ছাত্র সংগঠন ‘প্রগ্রেসিভ স্টুডেন্টস ইউনিয়ন’-PSU, অবিলম্বে শিক্ষামন্ত্রীর পদত্যাগের দাবি জানিয়েছে। আহত শিক্ষার্থীদের সর্বোৎকৃষ্ট চিকিৎসার ব্যবস্থা রাজ্য সরকারকে করতে হবে বলে সংগঠনের পক্ষ থেকে দাবি করা হয়েছে।

বিভিন্ন জেলাতেও বামপন্থী ছাত্র-যুবরা গতকাল বিক্ষোভ দেখায়। শিক্ষামন্ত্রীর পদত্যাগের দাবিতে SFI-এর বিক্ষোভ মিছিলকে কেন্দ্র বর্ধমানে ধুন্ধুমার বাঁধে। পার্কাস রোড অবরোধ করেন বামপন্থী ছাত্ররা। পুলিশ তাদের বাধা দিলে, দু-পক্ষের ধস্তাধস্তি বাধে। এই ঘটনায় SFI-এর তিনজন আহত হয়েছেন বলে অভিযোগ। পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখতে বিশাল পুলিশবাহিনী ও RAF মোতায়েন করা হয়। হাওড়ার উলুবেড়িয়া স্টেশন থেকে গরুহাটা মোড় পর্যন্ত বিক্ষোভ মিছিল ও পথ অবরোধ করে SFI ও DYFI।

জলপাইগুড়ির কদমতলা মোড়েও বাম ছাত্র যুবদের সঙ্গে পুলিশের ব্যাপক ধস্তাধস্তি হয়। দাহ করা হয় কুশপুতুল’ও।

আজও রাজ্যের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে বিক্ষোভ সমাবেশের আয়োজন করা হবে বলে SFI-এর তরফে জানানো হয়েছে।

এদিকে, ‘অখিল ভারতীয় বিদ্যার্থী পরিষদ’-ABVP এক বিবৃতিতে বলেছে, তৃণমূল-বাম-নকশালদের চক্রান্ত-ই যাদবপুরে অশান্তির মূলে। শিক্ষা প্রতিষ্ঠানে আতঙ্ক কাটিয়ে শিক্ষার পরিবেশ ফিরিয়ে আনার দাবি জানিয়েছে তারা। উচ্চমাধ্যমিক পরীক্ষার্থীদের জন্য হেল্পলাইন নম্বরও চালু করেছে তারা। আজ রাজ্য জুড়ে ধর্মঘটের জন্য সমস্যায় পড়লে উচ্চমাধ্যমিক পরীক্ষার্থীরা ৮৪৭৯-৯৯৫৫-৫৮ নম্বরে ফোন করতে পারেন।

বিজেপি, যাদবপুর কান্ডের প্রতিবাদে আজ পথে নামবে। দলের যুব সভাপতি ইন্দনীল খাঁ গতকাল সাংবাদিক সম্মেলনে একথা জানিয়েছেন।

‘West Bengal Junior Doctors Association’-WBJDA এক বিবৃতিতে যাদবপুরের ঘটনার তীব্র নিন্দা করে দোষীদের অবিলম্বে গ্রেপ্তার ও শাস্তির দাবি জানিয়েছে। এদিকে, যাদবপুর বিশ্ববিদ্যালয়ের ক্যাম্পাসে অগ্নিসংযোগ ও ভাঙচুরের ঘটনায় ধৃত ওই

বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন ছাত্র মহম্মদ সাহিলকে আলিপুর আদালতে তোলা হলে ১২-ই মার্চ পর্যন্ত পুলিশ হেফাজতে পাঠানো হয়েছে।

বিশ্ববিদ্যালয় চত্ত্বরে তৃণমূল সমর্থিত কর্মী সংগঠন শিক্ষাবন্ধুর অফিসে অগ্নিকান্ডের ঘটনাতেও পুলিশে মোট ৭-টি অভিযোগ দায়ের করা হয়েছে বলে কলকাতার নগরপাল মনোজ ভার্মা জানিয়েছেন।

( বাইট- মনোজ ভার্মা)

*********************

বিশ্ববঙ্গ বাণিজ্য সম্মেলনে আসা প্রায় সাড়ে চার লক্ষ কোটি টাকার বিনিয়োগ প্রস্তাব বাস্তবায়নের লক্ষ্যে রাজ্য সরকার আজ আরেক দফা বৈঠকে বসছে। নবান্নে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জির পৌরহিত্যে ওই বৈঠকে অর্থ, শিল্প, ক্ষুদ্রশিল্প, পূর্ত, পঞ্চায়েত, বন, পুর ও নগরোন্নয়ন, শ্রম, আইন-সহ ১৪টি দপ্তরের মন্ত্রীরা থাকবেন। বিভাগীয় সচিব ও সংশ্লিষ্ট আধিকারিকদের'ও থাকতে বলা হয়েছে।

বিনিয়োগকারীদের জন্য 'এক জানালা' পদ্ধতিতে বিভিন্ন দফতরের ছাড়পত্র দেওয়া, রাজ্য সরকারের শিল্পবান্ধব নানা নীতির সুযোগ তুলে ধরা, কর্মসংস্থান সৃষ্টির মত নানা বিষয় নিয়ে আলোচনা হতে পারে। শিল্পোন্নয়নের লক্ষ্যে শিক্ষা, পরিকাঠামো, পর্যটন, উৎপাদন এবং স্বাস্থ্যের মতো গুরুত্বপূর্ণ ক্ষেত্রগুলির জন্য ছ'টি সেক্টর কমিটি স্থাপন করা হয়েছে।

*********************

একই নম্বরের ভটার পরিচয় পত্র বা EPIC থাকলেই, সেটিকে নকল বা ভুয়ো হিসেবে চিহ্নিত করা যায় না বলে নির্বাচন কমিশন স্পষ্ট জানিয়েছে। এসংক্রান্ত বেশকিছু মিডিয়া রিপোর্টের ভিত্তিতে এক বিজ্ঞপ্তিতে নির্বাচন কমিশন জানিয়েছে যে, দুটি ভিন্ন রাজ্যের ভোটারদের EPIC নম্বর এক হতেই পারে। তার অর্থ সেই ভোটদাতা ভূয়ো এমন নয়। EPIC নম্বর অভিন্ন হলেও ভোটদাতার অন্যান্য তথ্য যেমন ব্যক্তিগত বিবরণ, বিধানসভা নির্বাচনী এলাকা, পোলিং বুথ ইত্যাদি আলাদা হবে। ভোটদাতারা কেবল নিজের রাজ্য বা কেন্দ্রশাসিত অঞ্চলের নির্দিষ্ট নির্বাচনী কেন্দ্রের ভোট কেন্দ্রেই ভোট দিতে পারবেন, অন্য কোথাও নয়।

কমিশন আরও জানিয়েছে, সব রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলে ভোটার তালিকার ডাটাবেস ERONET প্ল্যাটফর্মে স্থানান্তর করার আগে, ভোটদাতাদের এপিক নম্বর বরাদ্দ সময় বিকেন্দ্রিকৃত ও ম্যানুয়াল পদ্ধতি অনুসরণ করার ফলেই এই ঘটনা ঘটে থাকতে পারে। বেশকিছু রাজ্য নির্বাচনী আধিকারিকের দফতর একই EPIC আলফানিউমেরিক সিরিজ ব্যবহার করার ফলে ভোটারদের অভিন্ন EPIC নম্বর হওয়ার সম্ভাবনা থেকে গেছে।

কমিশন সিদ্ধান্ত নিয়েছে, একইরকম EPIC নম্বর পাওয়ার গেলে একটি অভিন্ন নম্বর বরাদ্দ করে সেটি সংশোধন করা হবে। এই প্রক্রিয়ায় সহায়তা জন্য ERONET 2.0 প্ল্যাটফর্ম আপডেট করা হবে।

নির্বাচন কমিশনের ব্যাখ্যায় তৃণমূল কংগ্রেস সন্তুষ্ট নয় বলে দলের রাজ্য সম্পাদক কুণাল ঘোষ জানিয়েছেন।

( বাইট- কুণাল )

তৃণমূল কংগ্রেস হিন্দুদের ভোটার তালিকা থেকে বাদ দেওয়ার চক্রান্ত করছে বলে বিজেপির রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার মন্তব্য করেছেন।

( বাইট- সুকান্ত)

একজনের নাম দু-জায়গায় থাকলে ফিজিক্যাল ভেরিফিকেশন করা দরকার বলে পপ্রবীণ কংগ্রেস নেতা প্রদীপ ভট্টাচার্য মন্তব্য করেছেন।

*********************

খড়্গপুর IIT-র উদ্যোগে কেন্দ্রীয় শিক্ষা মন্ত্রকের গৃহীত অনলাইন শিক্ষা প্রকল্প SWAYAM NPTEL-এর উপর পূর্বাঞ্চলের SPOC-দের এক কর্মশালার গতকাল আয়োজন করা হয়। সল্টলেক সিটি সেন্টার ওয়ানে আয়োজিত এই কর্মশালায় বিভিন্ন IIT ও IISC ব্যাঙ্গালুরুর শিক্ষক-শিক্ষিকা ছাড়াও বিভিন্ন কলেজ বিশ্ববিদ্যালয়ের অধ্যক্ষ, উপাচার্য, অধ্যাপকরা উপস্থিত ছিলেন। পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনের মাধ্যমে এই প্রকল্পের অধীন বিভিন্ন কোর্সের খুঁটিনাটি, ছাত্র-ছাত্রীরা কিরকম সুযোগ সুবিধা এখান থেকে পেতে পারেন তা বিশদে তুলে ধরেন। IIT খড়্গপুরের ডাইরেক্টর অধ্যাপক অমিত পাত্র ভার্চুয়াল মাধ্যমে তার বক্তব্য রাখেন।

*********************

শ্রীচৈতন্যদেবের ৫৩৯-তম আবির্ভাব তিথি উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানের অঙ্গ হিসাবে নদীয়ার মায়াপুরে গতকাল শুরু হয়েছে সপ্তাহব্যাপী নবদ্বীপ মন্ডল পরিক্রমা। এবারও নদিয়ার নবদ্বীপে শ্রীচৈতন্যদেবের স্মৃতি বিজড়িত জায়গাগুলিতে পায়ে হেঁটে পরিক্রমায় অংশ নিচ্ছেন আট থেকে আশি- সব বয়সের মানুষজন।

*********************

রাজ্যের উত্তর বা দক্ষিণে তাপমাত্রায় বড় কোন হেরফের হওয়ার সম্ভাবনা নেই বলে আবহাওয়া দপ্তর জানিয়েছে। বৃষ্টিরও পূর্বাভাস নেই। কলকাতায় আজ দিনের সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৪.৪ ডিগ্রী সেলসিয়াস যা স্বাভাবিকের চেয়ে ৩.৪ ডিগ্রী বেশি। সর্ব্বোচ্চ তাপমাত্রা থাকতে পারে ৩৩ ডিগ্রীর কাছাকাছি।

*********************

ISL ফুটবলে সল্টলেকের যুবভারতী ক্রীড়াঙ্গনে গতকাল ইস্টবেঙ্গল ও ব্যাঙ্গালুরু FC-র মধ্যে খেলাটি ১-১ গোলে শেষ হয়েছে। লাল হলুদের হয়ে মেসি বউলি ও ব্যাঙ্গালুরুর হয়ে সুনীল ছেত্রী গোল করেন। এই ম্যাচ ড্র হওয়ায় ইস্টবেঙ্গল ২৩ ম্যাচে ২৮ পয়েন্ট নিয়ে লিগ তালিকার অষ্টম স্থানে রইলো। সমসংখ্যক ম্যাচ খেলে ৩৮ পয়েন্ট নিয়ে ব্যাঙ্গালুরু রইলো তৃতীয় স্থানে।

***********************************************************************